



ফোন :
অফিস : ৯৫৫৫১৩৩
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।
www.bwdb.gov.bd

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763
Email : secretary@bwdb.gov.bd

স্মারকনং-৪২.০১.০০০০.০০৪.২৩.০০১.১৯-২০২

তারিখঃ ০৫-০৮-২০১৯ খ্রিঃ

দপ্তরাদেশ

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের জন্য নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণ করার জন্য বোর্ডের সকল দপ্তরকে অনুরোধ করা হলো :

ক্রঃ নং	জাতীয় শোক দিবসের কর্মসূচি
০১.	১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস ১ লা আগস্ট হতে মাসব্যাপী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী কালো ব্যাজ ধারণ করবে।
০২.	১৫ ই আগস্ট জাতীয় শোক দিবসে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল অফিসে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন করা হবে।
০৩.	১৫ ই আগস্ট পানি সম্পদ মন্ত্রণালয়ের নেতৃত্বে সকাল ৭.৩০ ঘটিকায় নিউ মডেল ডিগ্রি কলেজ প্রাঙ্গণ থেকে সকল সংস্থার ঢাকাস্থ কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে শোক র্যালি হবে। শোক র্যালিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ঢাকাস্থ সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ নিজস্ব ব্যানার নিয়ে অংশগ্রহণ করবে।
০৪.	১৫ ই আগস্ট বাদ আসর জাতীয় শোক দিবসে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল অফিস/মসজিদে কোরআন তেলওয়াত, মিলাদ ও দোয়া মাহফিল এর আয়োজন করতে হবে।
০৫.	১৪ ই আগস্ট বাদ আসর জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয়ে কোরআন তেলওয়াত, মিলাদ ও দোয়া মাহফিল এর আয়োজন করতে হবে।
০৬.	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল অফিসসমূহ জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে এবং শোক র্যালিতে নিজ নিজ ব্যানার নিয়ে অংশগ্রহণ করবে। এছাড়া, জেলা/উপজেলার প্রত্যেক অফিস নিজ নিজ কার্যালয়ে শোক সভা ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করবে।
০৭.	জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয়ে আগষ্টের শেষ সপ্তাহে আলোচনা সভার আয়োজন করতে হবে।
০৮.	শোক দিবস উপলক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল স্থাপনায় আগামী ০৫ আগস্ট, ২০১৯ তারিখের মধ্যে ব্যানার টানানো হবে। ব্যানারে “যতদিন রবে পদ্মা-যমুনা-গৌরী-মেঘনা বহমান ততদিন রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান” উল্লেখপূর্বক ব্যানারের ডিজাইন মন্ত্রণালয় কর্তৃক তৈরিপূর্বক সকল সংস্থায় প্রেরণ করা হবে। সে অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের অফিস প্রধানগণ ব্যবস্থা গ্রহণ করবে।

এতে বোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(আব্দুল খালেক)

সচিব

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

পরিচিতি নং-৬৩০১২০০০১


E-mail: khalequebd@gmail.com

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.২৩.০০১.১৯-২০২

তারিখঃ ০৫-০৮-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান প্রকৌশলী, মনিটরিং/পরিকল্পনা বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ প্রকল্প পরিচালক,
বাপাউবো,। তাঁর অধীনস্থ দপ্তর সমূহে এ নির্দেশনা প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা
গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ প্রকল্প পরিচালক,.....বাপাউবো,.....।
৪. পরিচালক,.....বাপাউবো,.....।
৫. সি,এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। [বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য
অনুরোধ করা হলো।]
৭. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ/সচিব), বাপাউবো, ঢাকা।
৮. অফিস কপি।


(শেখ মাসুদুল হক)
উপ-সচিব বোর্ড
বাপাউবো, ঢাকা।